ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৩৯
আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**ভারতের নির্বাচন কমিশন (ECI) সিইও দপ্তরের মিডিয়া ও কমিউনিকেশন অফিসারদের জন্য আয়োজন করল একদিনব্যাপী কর্মশালা; তথ্য উপস্থাপন ও বিভ্রান্তিকর তথ্য প্রতিরোধে গুরুত্ব আরোপ করা হয়েছে**

আজ নয়াদিল্লির ভারত মন্ডপমে ভারতের নির্বাচন কমিশন দেশের সকল ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের অফিসের মিডিয়া ও কমিউনিকেশন অফিসারদের জন্য একদিনব্যাপী কর্মশালার আয়োজন করে। এই কর্মশালায় ৫১ জন মিডিয়া নোডাল অফিসার ও সোশ্যাল মিডিয়া নোডাল অফিসার অংশগ্রহণ করেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ নির্বাচন কমিশনার ড. সুখবীর সিংহ সান্ধু এবং ডঃ বিবেক জোশী উদ্বোধনী অধিবেশনে উপস্থিত অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। এই কর্মশালায় গুরুত্ব দিয়ে বলা হয় যে, ভ্রান্ত তথ্যের ক্রমবর্ধমান হুমকির প্রেক্ষিতে এটি স্পষ্টভাবে জানানো অত্যাবশ্যক যে, ভারতে নির্বাচন কঠোরভাবে সংবিধান অনুযায়ী অনুষ্ঠিত হয় এবং বিভ্রান্তিকর তথ্যকে বারবার সঠিক তথ্যের মাধ্যমে প্রতিহত করতে হবে। সিইও অফিসের যোগাযোগ ব্যবস্থা আরও মজবুত করতে এবং মিডিয়া ও অন্যান্য অংশীদারদের নিকট যথাসময়ে সঠিক তথ্য পৌঁছে দিতে বিভিন্ন অধিবেশন অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন সম্পর্কিত অধিবেশন অনুষ্ঠিত হয় যেখানে গণমাধ্যম ও সামাজিক মাধ্যমের দৃষ্টিভঙ্গি গুরুত্ব পায়। ভ্রান্ত তথ্য প্রতিরোধে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম, কৌশল ও পরিকল্পনা নিয়ে বিশেষজ্ঞ অধিবেশনের আয়োজন করা হয়। এটি ছিল এই ধরনের তৃতীয় কর্মশালা। এর আগে গত ৯ এপ্রিল ও ৫ জুন, নয়াদিল্লির আইআইআইডিইএম-তে সিইও অফিসের মিডিয়া ও কমিউনিকেশন অফিসারদের জন্য ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছিল। ভারতের নির্বাচন কমিশন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

******